

া মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪৮১৮

পর্ব-২৫: শিষ্টাচার (كتاب الآداب)

পরিচ্ছেদঃ ১০. প্রথম অনুচ্ছেদ - জিহ্বার হিফাযাত, গীবত এবং গালমন্দ প্রসঙ্গে

بَابُ حِفْظِ اللِّسَانِ وَالْغِيبَةِ وَالشَّتَم

আরবী

وَعَن أنس وَأَبِي هُرَيْرَةَ أَنَّ رَسُولَ اللَّهِ صلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ قَالَ: «الْمُسْتَبَّانِ مَا قَالَا فَعَلَى الْبَادِئِ مَالم يعْتد الْمَظْلُوم». رَوَاهُ مُسلم

বাংলা

৪৮১৮-[৭] আনাস ও আবৃ হুরায়রা (রাঃ) হতে বর্ণিত। রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যদি দু' ব্যক্তি পরস্পরকে গালি দেয়, তবে গালমন্দের পাপ সে ব্যক্তির হবে যে ব্যক্তি প্রথম গালি দিয়েছে, যতক্ষণ পর্যন্ত না অত্যাচারিত ব্যক্তি সীমা অতিরিক্ত করবে। (মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ: মুসলিম ৬৮-(২৫৮৭), তিরমিয়ী ১৯৮১, আবূ দাউদ ৪৮৯৪, সহীহুল জামি' ৬৬৯৭, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ২৭৭৮, সহীহ আল আদাবুল মুফরাদ ৩২৬, আহমাদ ৭২০৫, মুসনাদে আবূ ইয়া'লা ৪২৫৯, সহীহ ইবনু হিব্বান ৫৭২৮, শু'আবুল ঈমান ৬৬৬৬, 'ত্বারানী'র আল মু'জামুল কাবীর ১৪৪১০, আল মু'জামুল আওসাত্ব ২৫২৫, আস্ সুনানুল কুবরা ২১৬১৯।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ (الْمُسْتَبَّانِ) শব্দটি কর্ত্বাচ্য দ্বিচন হিসেবে باب افتعال থেকে এসে باب ছার্নাখ্যাঃ (الْمُسْتَبَّانِ) শব্দর তথি ক্রেছে। ব্যবহার হয়ে المتشائمان শব্দের অর্থ প্রদান করেছে। المتشائمان এর অর্থ হলো :

مَنْهُمَا الْآخَرَ سَبَّ كُلُّ مِنْهُمَا الْآخَرَ দু'জন পরস্পর একজন আরেকজনকে গালি দেয়া এবং পরস্পরের মধ্যে বিদ্যমান লুকায়িত গোপন দোষ-ক্রটি তুলে ধরা।

পরস্পর গালিদানকারী দু'জনের একজন সূচনাকারী হয়, যে প্রথমে গালি দেয়ার সূচনা করে সে বেশী অপরাধী।



তবে প্রথম গালিদানকারী গালি দেয়া শুরু করলে আরেকজন যদি ধৈর্যধারণ করে থাকতে পারে এবং গালিদানের ক্ষেত্রে সীমালজ্যন না করে তাহলে গাল-মন্দের যাবতীয় পাপ প্রথমজনই বহন করবে। কেননা ঝগড়ার সূত্রপাত সেই ঘটিয়েছে। কেউ কেউ বলেছেন, গালি-গালাজের সম্পূর্ণ গুনাহ সে বহন করবে না বটে, তবে অধিকাংশ গুনাহ সে বহন করবে। কিন্তু দ্বিতীয় ব্যক্তিও যদি ধৈর্যধারণ না করে গালি শুরু করে দেয় এবং সীমালজ্যন করে ফেলে তবে উভয়ের সমান গুনাহ হবে। প্রথমজনের গুনাহের কারণ তো সর্বজনবিদিত, দ্বিতীয়জন গালি দেয়ার কারণে সেও গুনাহগার হবে।

(মিরক্বাতুল মাফাতীহ; শারহুন নাবাবী ১৬শ খন্ড, হাঃ [২৫৮৭]-৬৮; 'আওনুল মা'বূদ ৮ম খন্ড, হাঃ ৪৮৮৬; লুম্'আত)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি 🛘 বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন